ইয়াবার ফণা

সব মাদককে ছাড়িয়ে যাচ্ছে ইয়াবা। বিভিন্ন রুট দিয়ে বাংলাদেশে ইয়াবা ট্যাবলেট ঢুকছে। মাঝে মাঝে লাখ লাখ ইয়াবা ধরা পড়ছে। তারপরও ইয়াবা আমদানি বন্ধ হচ্ছে না। কারা আমদানি করে তাদের চিহ্নিত করতে না পারলে এবং সেই গডফাদারদের বিচারের আওতায় না আনা গেলে আমদানি বন্ধ হবে না। অবৈধভাবে সোনা আমদানিও ঠিক একই কারণে বন্ধ হচ্ছে না। নেশার ফণা বিস্তার করছে ইয়াবা। এখনই এর মাথা থেঁতলে না দিলে তা পুরো যুবসমাজকে গ্রাস করবে। সরকারকে বড় অভিযানে নামতে হবে। প্রয়োজনে যেসব দেশ থেকে ইয়াবা আসে, সেসব দেশের সঙ্গেও আলোচনা করতে হবে।

সেলিম আনোয়ার
সাভার, ঢাকা

ডিজিটাল দেশ গড়ার ফাঁকফোকর

সরকার ডিজিটাল দেশ গড়ার চেষ্টা করছে। তার জন্য প্রত্যন্ত গ্রামের স্কুলগুলোতেও দেয়া হচ্ছে কম্পিউটার। কিন্তু কম্পিউটারের প্রয়োগ ঠিকমতো হচ্ছে কি না তা কর্তৃপক্ষের কেউ খোঁজ নিয়েছেন কি? নিলেও কতটুকু নিয়েছেন? যাদের জন্য এসব কম্পিউটার দেয়া হচ্ছে তারা এর ব্যবহার সম্পর্কে কিছুই জানেন না। তাদের তা শেখানোর মতো কেউ নেই। কোনো কোনো স্কুলের শিক্ষক-শিক্ষিকারা আবার তাদের বাড়িতেই কম্পিউটার রেখে দেন। ফলে গ্রামের ছেলে-মেয়েরা বঞ্চিত হচ্ছে। এমনভাবে চলতে থাকলে ডিজিটাল দেশ গড়ার চেষ্টা কতটা সফল হবে তা নিয়ে সন্দেহ আছে।

আফিফী আক্তার
কেন্দুয়া, নেত্রকোনা

পশ্চিমবঙ্গে ইলিশ উৎসব

আমাদের দেশে সবচেয়ে বেশি ইলিশ, কিন্তু খবরের কাগজে দেখলাম ইলিশ উৎসব হতে যাচ্ছে ভারতের পশ্চিমবঙ্গে। এমন একটি ব্যতিক্রম আয়োজনের কথা আমাদের কারো মাথায় এলো না কেন? এই উৎসব আয়োজনের উদ্যোগ সেখানে কোনো বেসরকারি প্রতিষ্ঠান নেয়নি। খোদ পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগই এই প্রশংসনীয় সিদ্ধান্ত নিয়েছে। দেরি হয়ে যায়নি, আমাদের পর্যটন করপোরেশন এ থেকে শিক্ষা নিতে পারে এবং চাইলে এ ধরনের উদ্যোগ গ্রহণ করতে পারে।

নিবারণ চক্রবর্তী
বাসাবো, ঢাকা

গরু মোটাতাজাকরণ!

কোরবানি ঈদকে সামনে রেখে প্রতিবারই বিভিন্ন উপায়ে গরু মোটাতাজাকরণ প্রক্রিয়া চলে। দ্রুত গরুকে মোটা ও ওজনদার করতে গরুর শরীরে ইঞ্জেকশনের মাধ্যমে ওষুধ ঢোকানো হয় এবং গরুকে বিভিন্ন রাসায়নিক পদার্থ মেশানো খাদ্য দেয়া হয়। এসব রাসায়নিক পদার্থ মানব দেহের জন্য ক্ষতিকর। ক্রেতারা গরুর হাটে গিয়ে অনেক বেশি টাকা দিয়ে আসলে মোটা গরু কেনেন না, মানব দেহের জন্য ক্ষতিকর পদার্থ দিয়ে ঠাসা গরু কেনেন। ঈদ উপলক্ষে শুধু আইন-শৃঙ্খলা রক্ষার দিকেই নজর দিলে হবে না। গরু মোটাতাজাকরণ প্রক্রিয়ার দিকেও নজর দেয়া উচিত।

মামুন আহমেদ খান
শিবপুর, নরসিংদী

●●●● স্ন্যাপশট | মৌনী আকাশ

ছবি : নাসিম নেওয়াজ, *চট্টগ্রাম ক্যান্টনমেন্ট*

স্বীকার করার মানসিকতা জরুরি

টিভির খবর দেখে জানতে পারলাম রাজধানীজুড়ে পুলিশের বিশেষ অভিযান শুরু হয়েছে। কর্তাব্যক্তিদের প্রশ্ন করলে জানা যায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি নাকি স্থিতিশীল আছে, অনেকে এক কদম এগিয়ে যান, বলেন, আগের সব সময়ের চেয়ে এখন পরিস্থিতি অনেক ভালো। আমার প্রশ্ন, তাহলে এই বিশেষ অভিযানের প্রয়োজন হলো কেন? এই অভিযানের মাধ্যমে পরোক্ষভাবে স্বীকার করে নেয়া হলো যে পরিস্থিতির অবনতি হয়েছে। অভিযানে যাওয়ার আগে, নিজেদের ব্যর্থতা স্বীকার করার মানসিকতা তৈরি করা জরুরি বলে আমি মনে করি।

শামীমা আনোয়ার
কল্যাণপুর, ঢাকা

লোক শোনানো বুলি

প্রায়ই একটি কথা শোনা যায়, অবৈধ স্থাপনা উচ্ছেদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী অথবা সংশ্লিষ্ট মন্ত্রী। কিন্তু অবৈধ স্থাপনা তো উচ্ছেদ হয় না। প্রতিবার একই কথা, শব্দগুলো এদিক-ওদিক হয়, কিন্তু সারমর্ম একই, 'কঠোর হস্তে অবৈধ স্থাপনা সরানো হবে', 'গুঁড়িয়ে দেয়া হবে', 'অবৈধ স্থাপনা উচ্ছেদে প্রশাসন তৎপর', 'অবৈধ স্থাপনা সরাতে কর্তৃপক্ষের নির্দেশ' ইত্যাদি। কিছু স্থাপনা গুঁড়িয়ে দেয়া হয়, পরদিনই তা আবার দাঁড়িয়ে যায়। জনগণ বোঝে, এসবই লোক দেখানো কাজ। আর ওই কথাগুলোও লোক শোনানো বুলি।

রায়হান আহমেদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

অনলাইন ভোগান্তি!

পাসপোর্টের জন্য অনলাইনে আবেদন করে আমার মতো অনেকেই চরম হয়রানির শিকার হয়েছেন। আমি অনলাইনে পাসপোর্টের জন্য আবেদন এবং অনলাইনেই ফি পরিশোধ করি। আমার পাসপোর্ট পাওয়ার কথা ১৮ আগস্ট। কিন্তু পাসপোর্ট তো পাইনি বরং হয়রানির শিকার হচ্ছি। ব্যাংকে গেলে তারা বলে, আপনার টাকা জমা হয়েছে।

আগারগাঁওয়ের পাসপোর্ট অফিসে গেলে বলে, পাসপোর্ট হলে পেয়ে যাবেন। যদি প্রশ্ন করি নির্ধারিত সময়ে কেন পেলাম না, তাহলে তার যৌক্তিক উত্তর মেলে না। আমার প্রশ্ন, অনলাইনে আবেদন ও টাকা জমা দিয়ে লাভ কী?

আহসান কবীর
মিরপুর, ঢাকা

ক্যান্সারের ওষুধ প্রসঙ্গে

ক্যান্সার রোগী আশঙ্কাজনকহারে বাড়ছে। ক্যান্সারের উৎস নির্দিষ্ট করা যায়নি বলে ক্যান্সারের সঙ্গে মানুষের এ যুদ্ধ অসম। দুরূহ ও জটিল রোগ হওয়ায় ক্যান্সারের ওষুধের দামও আকাশছোঁয়া। আমাদের দেশের মতো উন্নয়নশীল দেশে ক্যান্সারের ওষুধের দাম কীভাবে মানুষের আয়ত্তে আনা যায় সে বিষয়ে বহু আলোচনা করা হয়েছে, সম্মেলন-সেমিনার হয়েছে। কিন্তু ওষুধের দাম কমছে না, দিনদিন বেড়েই চলেছে। স্বাস্থ্য মন্ত্রণালয় এই বিষয়ে বিশেষ পদক্ষেপ নিতে পারে। বর্তমান স্বাস্থ্যমন্ত্রী কিছু পদক্ষেপ নিয়েছেন। আশা করি এ বিষয়টি নিয়েও তিনি ভাববেন।

সেলিম শাহাবুদ্দিন
রমনা, ঢাকা

ফরমালিনের বাইরেও বিষ আছে!

সাপ্তাহিক ২০০০-এর খাদ্যে বিষ বিষয়ক প্রচ্ছদ-কাহিনী প্রশংসনীয়। আমরা রব তুলেছি, 'খাবারে ফরমালিন! খাবারে ফরমালিন!'। কিন্তু খাবারে ফরমালিন ছাড়াও যে বিভিন্ন বিষ মেশানো হয় সে বিষয়ে আমরা সচেতন নই। আমরা অনেকেই জানি না, আনারসের মতো অনেক ফলে ফরমালিন দেয়ার প্রয়োজন পড়ে না। এসব ফলের জন্মলগ্নেই দেয়া হয় হরমোন ও ইথেফন নামক রাসায়নিক পদার্থ– যা মানব দেহের জন্য অত্যন্ত ক্ষতিকারক। ফরমালিনের বাইরেও আমাদের নজর দিতে হবে। জনসচেতনতা বৃদ্ধিতে এ প্রচ্ছদ-কাহিনী বিশেষ ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

শিল্পী ইসলাম
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

যোদ্ধা ও শিল্পী শাহাবুদ্দিন

মুক্তিযোদ্ধা এবং বিশিষ্ট চিত্রশিল্পী শাহাবুদ্দিন সম্প্রতি ফ্রান্স সরকারের নাইটহুড সম্মাননা অর্জন করেছেন। শিল্পকলায় বিশেষ অবদানের জন্য তাকে এই বিরল সম্মাননায় ভূষিত করা হয়। খবরটি শুনে গর্বে বুক ভরে গেল। তারুণ্যে তিনি অস্ত্র হাতে দেশমাতার মান রক্ষায় যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন। স্বাধীনতার পর নিজের দেশভাবনাকে মূর্ত করতে রঙ-তুলিকে কাজে লাগালেন। তার আঁকা মুক্তিযোদ্ধা সিরিজ ছাড়া বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের চিত্রমালা অসম্পূর্ণ। মুক্তিযুদ্ধ যে শুধু আত্মোৎসর্গগাথা নয়, এ যে এক অবিস্মরণীয় বীরত্বগাথাও, তা তার ছবিতে ফুটে উঠেছে। এই মহান শিল্পীর প্রতি শ্রদ্ধা।

সৈয়দ খালেক-উজ-জামান
সোনারগাঁও, নারায়ণগঞ্জ

টাইগারদের তাড়া কিসের?

আবার তাড়াহুড়ো, আবার ব্যাটিং বিপর্যয়, আবার শোচনীয় পরাজয়! ১শ ৭৭ রানের ব্যবধানে ওয়েস্ট ইন্ডিজের সঙ্গে হেরেছে বাংলাদেশের টাইগাররা। বাংলাদেশের সামনে টার্গেট ছিল ২শ ২৮ রান। জবাবে মাত্র ৭০ রান পর্যন্ত করতে পেরেছে বাংলাদেশ। ৭০ অতিক্রম করার আগেই অলআউট। এই লজ্জা কোথায় রাখি। ৭০ এখন ওয়ানডেতে বাংলাদেশের দ্বিতীয় সর্বনিম্ন রান। বাংলাদেশ কি এই ওয়ানডে ম্যাচকে টি-টোয়েন্টি মনে করে খেলল? তাদের তাড়া কিসের? কোনো পণ্যের শুটিং ছিল নাকি?

মুহাম্মদ শামসুল আলম
চাষাঢ়া, নারায়ণগঞ্জ

দৃষ্টিনন্দন ফিচার বিভাগ

হঠাৎ করেই পরিবর্তন চোখে পড়ল প্রিয় সাপ্তাহিক ২০০০-এর। আরো সুন্দর, আরো আকর্ষণীয় করে তুলতে পত্রিকাটিতে এসেছে নতুন কিছু বিভাগ। প্রায় প্রতি সংখ্যায় দেখছি নারী, তারুণ্য, সংসার, সামাজিক সম্পর্ক ইত্যাদি বিষয়ে দারুণ সব লেখা। এসব লেখা ও সংশ্লিষ্ট ছবির কারণে পত্রিকাটি পেয়েছে নতুন রূপ। দেখতে যেমন আগের চেয়ে আকর্ষণীয় হয়েছে, তেমনি নতুন লেখাগুলো পত্রিকার মানকে করেছে আরো সমৃদ্ধ। পত্রিকা কর্তৃপক্ষের কাছে আমার অনুরোধ থাকবে জীবনসংগ্রামে যুক্ত নারী ও তারুণ্যের ক্যারিয়ার বিষয়ক দুটি বিভাগ চালু করার।

আহমেদ ইবনে হাবীব
সদর রোড, বরিশাল

সতর্ক হওয়ার বিকল্প নেই

ক্যামেরা ছিনতাই বেড়েছে। ফটোগ্রাফার যখন তার প্রায় সব দামি সরঞ্জাম নিয়ে বের হন, ঠিক তখনই ছিনতাই হয়। নিশ্চয়ই ফটোগ্রাফার বেশে আমাদেরই আশপাশে কিছু ছিনতাইকারী বা ছিনতাইকারীর সহযোগী ঘুরে বেড়ায়। না হলে তো এরকম হওয়ার কথা নয়। কার কী আছে, কে কখন সরঞ্জাম নিয়ে বের হয়, কাকে ধরলে কাজটা সহজ হয় ইত্যাদি তথ্য জানা না গেলে কি এরকম ঘটনা ঘটানো সম্ভব? তাছাড়া ছিনতাইয়ের ঘটনাগুলো এত সুকৌশলে ও সফলতার সঙ্গে ঘটছে কীভাবে? আমার সন্দেহ অমূলক হলে খুশি হবো; কিন্তু সতর্ক হওয়ার বিকল্প নেই।

সালাম মুনশি
মালিবাগ, ঢাকা

বন্যাকবলিত মানুষের ডাক

উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি ঘটছে, একই সঙ্গে নদীভাঙন চলছে। হাজার হাজার মানুষ ঘরছাড়া। অনেকে মানবেতর জীবনযাপন করছে। বিভিন্ন জায়গায় অস্থায়ী বাঁধে ফাটল ধরেছে। যোগাযোগ ব্যবস্থাও ভেঙে পড়েছে। তাই বেশিরভাগ ঘরহীন মানুষের কাছে সরকারি সহায়তা পৌঁছাচ্ছে না। সহযোগিতা বাড়াতে হবে। আমরা যারা ভালো আছি, তারাও যদি সাহায্যের হাত বাড়িয়ে দেই তাহলে ওই উদ্বাস্তু মানুষগুলোর বড় উপকার হয়। আসুন, আমরা সবাই নিজ নিজ জায়গা থেকে তাদের সাহায্য করি। সামনে ঈদুল আজহা আসছে, এই আনন্দ ও ত্যাগের মহিমায় মহিমান্বিত দিন উপলক্ষেও আমরা এই মানুষগুলোর পাশে দাঁড়াতে পারি।

সাইমুম হাসান
গজারিয়া, মুন্সীগঞ্জ

অসম সম্পর্ক, অসম লাভ

বাংলাদেশ সফররত ভারতের উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন ও পররাষ্ট্রমন্ত্রী ভি কে সিং বলেছেন, 'দুই দেশের স্বার্থ দেখলেই ব্যবসা প্রসারিত হবে।' এই কথার মর্ম যদি ভারত উপলব্ধি করত তাহলে বাংলাদেশের জন্য ভালো হতো। ভারতের সঙ্গে আমাদের সম্পর্কও উষ্ণ হতো। কিন্তু আমরা ভারতের স্বার্থ যতটা দেখি, ভারত কি বাংলাদেশের স্বার্থ ততটা দেখে? আদৌ কি দেখে? আমরা তাদের প্রায় সব পণ্য আমাদের বাজারে অবাধে ঢুকতে দিয়েছি, অথচ আমাদের পণ্য তাদের বাজারে ঢুকতে শত বাধা পার হতে হয়। তাদের সব টিভি চ্যানেল আমাদের এখানে রাজত্ব করছে, কিন্তু আমাদের চ্যানেল তাদের দেশে প্রায় নিষিদ্ধ। ভারতকে আগে এই অসমতা দূর করতে হবে।

সোলাইমান কাদের
নবাবগঞ্জ, ঢাকা

২০৩০ সালে ৩ গুণ বাড়বে

বাংলাদেশে ডায়াবেটিক রোগী আশঙ্কাজনকহারে বেড়েছে। পরিসংখ্যান বলছে, বর্তমানে বাংলাদেশে ডায়াবেটিক রোগীর সংখ্যা ৫৮ লাখ! বিশেষজ্ঞরা ধারণা করছেন, ২০৩০ সালে এই সংখ্যা কমপক্ষে ৩ গুণ বাড়বে। ডায়াবেটিস রোগকে এখন বিশ্বের অন্যতম প্রধান প্রাণঘাতী রোগ হিসেবে চিহ্নিত করা হয়। অনিয়ন্ত্রিত ডায়াবেটিস অকালমৃত্যুর কারণ। ডায়াবেটিস রোগ বিষয়ে সচেতনতামূলক ব্যাপক প্রচারণা জরুরি। পাশাপাশি ডায়াবেটিস রোগের চিকিৎসা বিষয়েও রোগীদের আরো বেশি সচেতন করতে হবে। গণমাধ্যমগুলোকেও এ ব্যাপারে ভূমিকা রাখতে হবে।

ডা. শমশের আলম
রামপুরা, ঢাকা

পাঠক ফোরামে লেখা ও ছবি পাঠানোর ঠিকানা
পাঠক ফোরাম, সাপ্তাহিক ২০০০
ডেইলি স্টার সেন্টার, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১২১৫
ই-মেইল : info.shaptahik2000@gmail.com